দৈনিক জনকণ্ঠ

তারিখ ... AUG. 1 4 1999 ...
পৃষ্ঠা ৩ কলাম ৫

49

## কম্পিউটার সায়েন্সে উচ্চ শিক্ষায় এনসিসি'র সহযোগিতা

ব্র্যাক ইনফরমেশন টেকনোলজি ইনস্টিটিউটের (বিআইটিআই) ডিপ্লোমাধারীরা এখন থেকে কম্পিউটার সায়েন্সে বিএসসি ও মাস্টার্স ডিগ্রী নেয়ার জন্য যুক্তরাজ্যের ন্যাশনাল কম্পিউটার সেন্টারের (এনসিসি) সঙ্গে সংশ্লিষ্ট বিশ্বের যে কোন বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নের যোগ্য বলে বিবেচিত হবেন। মঙ্গলবার সকালে ব্র্যাক সেন্টারে (বিআইটিআই) পরিচালক সাহল আফজালের কাছে এ সম্পর্কিত স্বীকৃতি ও অনুমোদনপত্র হস্তান্তর করেন এনসিসি'র আন্তর্জাতিক প্রতিনিধি মার্ক এনড্রুস। বিআইটিআই পরিচালনা পর্ষদের চেয়ারম্যান এবং ব্র্যাকের প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক ফজলে হাসান আবেদ এ সময় উপস্থিত ছিলেন। এনসিসি ইতোপূর্বে বিআইটিআই'র কোর্স ডিজাইন ও পাঠ্যসূচী সংক্রান্ত তিন মাসব্যাপী একটি সমীক্ষা সমাপ্ত করে। উল্লেখ্য, ত্রিশ বছর আগে প্রতিষ্ঠিত যুক্তরাজ্যের এনসিসি ইনস্টিটিউশনটি পৃথিবীতে অগ্রণী কম্পিউটার শিক্ষা প্রতিষ্ঠানসমূহের মধ্যে অন্যতম, যার কার্যক্রম বর্তমানে ত্রিশটি দেশে বিস্তৃত। প্রেস বিজ্ঞপ্তি।